

বেকারভাতা ও স্বাস্থ্য বিমা সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

এই প্রকাশনাতে 19 মার্চ 2020 পর্যন্ত তথ্য ও নির্দেশিকা অন্তর্ভুক্ত রয়েছে।

বেকারভাতা

কর্মী ছাটাইয়ের কারণে কারা বেকারভাতার জন্য যোগ্য?

যে কর্মীকে ছাটাই করা হয়েছে বা যার কাজের সময় কমিয়ে দেওয়া হয়েছে সেই ব্যক্তি পরে আবার উক্ত সংস্থায় কাজ পাবে কিনা তা নির্বিশেষে স্টেটের থেকে বেকারভাতার আবেদন করার জন্য যোগ্য।

কোনও স্বাধীন ঠিকাদার কি বেকারভাতার সুবিধা পাওয়ার জন্য যোগ্য?

না। স্বাধীন ঠিকাদার বেকারভাতা পাওয়ার জন্য যোগ্য নন। সাধারণত, একজন কর্মী হল একজন স্বাধীন ঠিকাদার যদি তার অর্থপ্রদানকারীর কেবল কাজের ফলাফল নিয়ন্ত্রণ বা নির্দেশ করার ক্ষমতা থাকে (কীভাবে কাজ করা হয়েছে সেই ক্ষেত্রে নয়)।

একজন কর্মী “স্বতন্ত্র ঠিকাদার” না “কর্মী” তা প্রতিটি ক্ষেত্রের পরিস্থিতির উপর নির্ভর করে। যদি আপনার মনে হয় ভুল করে আপনাকে স্বতন্ত্র ঠিকাদার ধরা হচ্ছে আসলে আপনাকে একজন কর্মী হিসাবে ধরা উচিত তাহলে আপনাকে উকিলের পরামর্শ নিতে হবে। এছাড়াও আপনি বেকারভাতা সুবিধা পেতে আবেদন করতে পারেন। আপনি যোগ্য কিনা স্টেট তা বিবেচনা করবে।

বেকারভাতা পেতে কোনও ব্যক্তিকে কী কী পদক্ষেপ নিতে হবে?

বেকারভাতা পেতে, কোনও ব্যক্তিকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (New York State Department of Labor) কাছে আবেদন করতে হবে। আবেদন করার দুটি উপায় আছে:

নিম্নলিখিত সময়ে ny.gov/services/get-unemployment-assistance-এ গিয়ে আবেদন করুন:

- সোমবার – বৃহস্পতিবার: সকাল 7:30 টা – সন্ধ্যা 7:30 টা
- শুক্রবার: সকাল 7:30 টা – বিকাল 5 টা
- শনিবার: যে কোনো সময়ে
- রবিবার সন্ধ্যা 7 টা পর্যন্ত

এই সময়ের মধ্যে 1-888-209-8124 নম্বরে কল করে টেলিফোন মারফত আবেদন করুন:

- সোমবার থেকে বৃহস্পতিবার সকাল 8:00 টা – সন্ধ্যা 7:30 টা
- শুক্রবার: সকাল 8:00 টা – সন্ধ্যা 6:00 টা
- শনিবার: সকাল 7:30 টা – সন্ধ্যা 8:00 টা

একজন ব্যক্তি কত দ্রুত বেকারভাতার জন্য দাবি করতে পারেন?

কোনও ব্যক্তি ছাটাই বা তার কাজের সময় কমানোর পরে পরেই দাবি দায়ের করতে পারেন। প্রচুর সংখ্যক আবেদন জমা কারণে, শ্রম বিভাগ আবেদনকারীর পদবির প্রথম অক্ষর ভিত্তিক একটি অ্যাপ্লিকেশন সিস্টেমের ব্যবস্থা করেছে:

- A – F : সোমবার
- G – N : মঙ্গলবার
- O – Z : বুধবার
- আপনি সময়ে যেতে পারেন নি: বৃহস্পতিবার, শুক্রবার এবং শনিবার

যে সপ্তাহে দায়ের করা হয় সেই সপ্তাহের সোমবার থেকে দাবি কার্যকর হয়। সপ্তাহের যে তারিখে দাবি দায়ের করা হয়েছে তার ভিত্তিতে দেরি না করেই যে কোনও বেকারভাতার পেমেন্টের বিলম্ব হবে না।

কত তাড়াতাড়ি যোগ্য সকল ব্যক্তি বেকারভাতা পেতে শুরু করবে?

ব্যক্তিদেরকে বেকারত্বের প্রথম সপ্তাহের পেমেন্ট দেওয়া হবে, এক বছরের বেশি সময়ে সর্বোচ্চ 26 সপ্তাহ পর্যন্ত। কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে, স্টেট 26 সপ্তাহের বেশি সময় পর্যন্ত বেকারভাতা পেমেন্ট করতে পারে।

বেকারভাতা সুবিধা পেতে কোনও সাবেক কর্মীকে যোগ্যতার জন্য কী দেখাতে হবে?

সাবেক কর্মীকে (1) অবশ্যই সাম্প্রতিক কাজের ইতিহাসের প্রমাণ দিতে হবে, (2) তার নিজের ত্রুটির কারণে কাজ থেকে বের করা হয়নি, (3) কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং (4) সক্রিয়ভাবে কাজ খুঁজছে।

- **দ্রষ্টব্য:** যদিও 3/13/2020 অনুসারে কোভিড-19 সঙ্কট সাবেক কর্মীকে “সক্রিয়ভাবে কাজ খোঁজা” থেকে সমস্যা তৈরি করতে পারে, স্টেট এই প্রয়োজনীয়তার ছাড় দেয়নি।

যদি সাবেক কর্মীদের তাদের নিজের ত্রুটির কারণে কাজ থেকে ছাঁটাই না করা হয়ে থাকে তাহলে তিনি কি অব্যবহৃত ছুটি ও অবকাশের পেমেন্ট পেতে পারেন?

কর্মীদের অবকাশের পেমেন্ট বকেয়া আছে কিনা তার জন্য তাদেরকে তাদের সাবেক নিয়োগকর্তার নীতি দেখতে হবে। যদি কোনও কর্মী তার সাবেক নিয়োগকর্তার থেকে অবকাশ করে থাকলেও ছাঁটাইয়ের পর পেমেন্ট পাননি এমন হয়, তাহলে তারা NYS শ্রম বিভাগের কাছে অভিযোগ দায়ের করতে পারেন। নিউ ইয়র্ক সিটিতে, কোনও নিয়োগকর্তা আইনত সাবেক কর্মীর অব্যবহৃত ছুটির জন্য পেমেন্ট দিতে বাধ্য নয়, তবে কিছু নিয়োগকর্তার এই ধরনের নীতি থাকতে পারে।

একজন অভিবাসী কর্মী কী বেকারভাতার যোগ্য?

হ্যাঁ, তবে কর্মীদেরকে সাধারণ তাদের উপার্জনের আগে ও সুবিধা পাওয়ার জন্য আবেদন করার উভয় সময়তেই কাজ করার জন্য অনুমোদিত হতে হবে।

একজন ব্যক্তি বেকারভাতা হিসাবে কি পরিমাণ অর্থ পেতে পারে?

কর্মীর আগের উপার্জনের উপর নির্ভর করে প্রতি সপ্তাহে \$104 থেকে \$504 পাবেন।

কোনও সাবেক কর্মী বেকারভাতা পাবে কিনা তা কি সিটি নির্ধারণ করে?

না। NYS শ্রম বিভাগ এই সিদ্ধান্ত নেয়, সিটি বা নিয়োগকর্তা নয়।

বেকারদের জন্য স্বাস্থ্য বিমা

সাবেক কর্মীকে স্বাস্থ্য বিমা পেতে হলে অবশ্যই কি করতে হবে?

সাবেক কর্মী:

1. স্টেটের মার্কেটপ্লেসে স্বাস্থ্য পরিচর্যা কিনতে NY State of Health-এর ওয়েবসাইট (<https://nystateofhealth.ny.gov/>) দেখতে পারেন; অথবা
2. স্টেট যদি কর্মীকে যোগ্য বলে মনে করে এবং নিয়োগকর্তার হেলথ প্ল্যান যোগ্য হলে তার চাকরি ভিত্তিক স্বাস্থ্য বিমা চালিয়ে যেতে অথবা COBRA-এর অধীনে স্বাস্থ্য বিমার কিনতে ক্রয় করতে পূর্বের নিয়োগকর্তার সঙ্গে যোগাযোগ করতে হতে পারে।

যদি সাবেক কর্মী যোগ্য না হন অথবা উপরের স্বাস্থ্য বিমা প্রকল্প বহন করতে না পারেন তাহলে কি হবে?

NYC Health + Hospitals প্রদত্ত পরিষেবা প্রদান করতে সাবেক কর্মী NYC Care-এ নথিভুক্তের জন্য আবেদন করতে পারেন।

- **দ্রষ্টব্য:** NYC Care কোনও স্বাস্থ্য বিমা নয়, কিন্তু আয় ও পরিবারের আকারের উপর নির্ভর করে NYC Health + Hospitals -এর

প্রদত্ত পরিষেবা ছাড় দিয়ে নিশ্চিত করে।

আরও সহায়তা

আরও সহায়তার জন্য কোন বিনামূল্যের আইনি পরিষেবার সঙ্গে কর্মীরা যোগাযোগ করতে পারেন?

- লিগ্যাল এইড সোসাইটি: (888) 663-6880
- লিগ্যাল সার্ভিস NYC: (917) 661-4500
- নিউইয়র্ক লিগ্যাল অ্যাসিস্টেন্স গ্রুপ (New York Legal Assistance Group): (212) 613-5000
- আনএমপ্লয়মেন্ট অ্যাকশন সেন্টার: (212) 998-6568